শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-১৬৪

তারিখঃ ০৬ চৈত্র ১৪২৫
২০ মার্চ ২০১৯

বিষয়ঃ মাননীয় হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং- ৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) এর প্রেক্ষিতে সিভিল আপিল নং-৩৬১১/২০১৬ মামলার (Ad-interim) আদেশ বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওএম/৬৭/আইন/২০১৪/১১৩৪/২, তারিখ: ০৮/১০/২০১৮ খ্রি:।
(২) সুপার, কোনামালাঞ্চা আমেনা দাখিল মাদ্রাসা, মেলান্দহ, জামালপুর এর ০৭/১০/২০১৮ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনা মালঞ্চ আমিনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান কর্তৃক ১০ কোড এর স্থলে ৯ নং কোডে অতিরিক্ত গৃহীত ১৪৭৭১৬/- (এক লক্ষ সাতচল্লিশ হাজার সাতশত ষোল) টাকা চালানে জমা প্রদানের নির্দেশনাসহ দীর্ঘদিন অবৈধ কোড পরিবর্তন না করার কারণ দর্শানোর ব্যাখ্যা চেয়ে মাউশি অধিদপ্তর হতে ২৪/১২/২০১৩ তারিখের ১জি/৯৮৭বি/২০১১/৯৫০৯/৫ সংখ্যক স্মারকে পত্র জারী করা হয়। উক্ত পত্রে বৈধতা চ্যালেঞ্জ করে জনাব মো: শফিকুর রহমান কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়।

২। বর্ণিত মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"In the result, the Rule is made absolute. In consequence whereof, it is declared that the impugned স্মারক নং-কোনা/স্বা/দা/মা/১(৭). তারিখ: ১৯.০১.২০১৪ and the impugned স্মারক নং-১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫, তারিখ: ২৪.১২.২০১৩ have been made and issued without any lawful authority and are of no legal effect.

Accordingly, the Respondent No.3 and other respondent are directed to restore to the ptitioners the scale and the Code number that was allowed to the petitioner before issuance of the impugned letters hereby set aside. They are further directed to pay the qrrear salaries, if any as well as the government portion to the MPO that has been paid/creadted less to his account, within 30 working days from the date of receipt of the judgment and order"

৩। বর্ণিত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে নিম্মোক্ত ২টি সিভিল পিটিশন ফর লিভ টু আপিল মামলা দায়ের করা হয়। যথাক্রমে-

(ক) সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৮০৮/২০১৬ মামলাটি ৩৫৭দিন সময় দ্বারা বারিত হওয়ায় গত ১১/১২/২০১৭ তারিখে মাননীয় আদালত কর্তৃক আপিলটি খারিজ করে নিম্নরূপ আদেশ দেয়া হয়-

"The leave petition is out of time by 357 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the Civil Petition for leave to appeal is dismissed as barred by limitation."

এবং (খ) সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal"

৪। মাননীয় হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রিট মামলার রায়/নির্দেশনায় আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পিটিশনার এর বেতনস্কেল (৯ নং কোড) পুনর্বহালসহ বকেয়া প্রদানের আদেশ দেয়া হয়েছে, কিন্তু আপিল নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের রায়/নির্দেশনায় আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আপিল মামলার Respondent No. 1 (পিটিশনার) এর ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) প্রদানসহ তৎকর্তৃক (রিট মামলার পিটিশনার) অতিরিক্ত গৃহীত টাকা চালানে জমা প্রদানের বিষয়টি স্থগিত করা হয়েছে।

৫। রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী প্রতিকার না পাওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলায় ১০/০১/২০১৭ তারিখের শুনানীর সময় পিটিশনার এর আইনজীবী কর্তৃক দাখিলকৃত আবেদন অনুযায়ী কনটেম্পটনরগণের ব্যক্তিগত শুনানীর বিষয়টি রেকর্ডভুক্ত করত: কোনরকম অপারগতা ব্যতিরেকে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন করার জন্য রেসপনডেন্ট কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

৬। উল্লিখিত প্রেক্ষাপটে (আপিল নং-৩৬১১/২০১৬ মামলায় গত ১১/১২/২০১৭ তারিখে প্রদত্ত Ad-interim নির্দেশনা অনুযায়ী) আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আপিল মামলার Respondent No. 1 (পিটিশনার জনাব মো: শফিকুর রহমান, সহকারী মৌলভী) এর ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) প্রদানের জন্য গত ২৯/১০/২০১৮ তারিখে ৩৯৯ সংখ্যক স্মারকমূলে নির্দেশনা দিয়ে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। কিন্তু উক্ত বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কী কী ব্যবস্থা গৃহিত হয়েছে এ সংক্রান্ত কোন তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি। এ বিষয়ে ডিএমই হতে তথ্য পাওয়ার পর বিষয়টি মহামান্য কনটেম্পট আদালতকে অবহিত করা হবে।

৭। যেহেতু আপিল মামলায় (সিপি নং-৩৬১১/২০১৬) মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ (Ad-interim) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে এ বিভাগ হতে ২৯/১০/২০১৮ তারিখে ৩৯৯ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে তবে উক্ত পত্রের উপর মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহিত কার্যক্রম জানা যায়নি, সেহেতু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক এ বিভাগের ২৯/১০/১৮ তারিখের ৩৯৯ নং স্মারকের পত্রের উপর কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি জানা আবশ্যক।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং- ৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) এর প্রেক্ষিতে সিভিল আপিল নং-৩৬১১/২০১৬ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন বিষয়ে এ বিভাগের ২৯/১০/১৮ তারিখের ৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-৩৯৯ নং স্মারকের পত্রের উপর মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে এর হালনাগাদ তথ্যাদি আগামী ২৫/০৩/১৯ তারিখের মধ্যে টিএমইডিকে জানানোর জন্য মাহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।